ঢাকা মেডিকেল কলেজ মর্গে গণঅভ্যুত্থানে শহিদদের ছয় মৃতদেহ এখনও সনাক্ত হয়নি

written by Chandradip News24 | January 11, 2025

ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালের মর্গে জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানকালে শহিদ হওয়া ছয় ব্যক্তির মৃতদেহের সন্ধান মিলেছে। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের বিশেষ সেলের একটি দল মৃতদেহগুলোর খোঁজ পেয়েছে। তবে এখনো তাদের পরিচয় নিশ্চিত করা সম্ভব হয়নি।

বিশেষ সেলের সেক্রেটারি হাসান ইমাম জানিয়েছেন, “জুলাই গণঅভ্যুত্থানের সময় আমাদের বিশেষ সেলের একটি দল ঢামেক মর্গে ছয়টি অজ্ঞাত লাশের খবর পায়। পুলিশ বিষয়টি নিশ্চিত করেছে এবং আমরা আজ মর্গে লাশগুলো দেখেছি।”

লাশগুলোর পরিচয় নিম্নরূপ:

অজ্ঞাত পুরুষ (২০)

অজ্ঞাত পুরুষ (২৫)

অজ্ঞাত পুরুষ (২২)

অজ্ঞাত মহিলা (৩২)

অজ্ঞাত পুরুষ (৩০)

এনামুল (২৫)

চিকিৎসকরা ময়নাতদন্তে দেখেছেন, প্রথম পাঁচজনের মৃত্যু হয়েছে আঘাতজনিত কারণে, আর এনামুলের মৃত্যু হয়েছে উঁচু স্থান থেকে পড়ে।

হাসান ইমাম আরও জানান, লাশ শনাক্তকরণে পুলিশের সঙ্গে আলোচনা করা হয়েছে। শাহবাগ থানার পুলিশ নিশ্চিত করেছে, মৃতদেহগুলো বৈষম্যবিরোধী আন্দোলনের সময় শহিদদের হতে পারে। তবে কখন এবং কীভাবে তাদের মৃতদেহ হাসপাতালে এসেছে, তা নিশ্চিত করা যায়নি।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের বিশেষ সেল নিখোঁজ শহিদদের শনাক্ত করতে তথ্যদাতাদের ০১৬২১৩২৪১৮৭ নম্বরে যোগাযোগের আহ্বান জানিয়েছে।

মো: আল-আমিন, স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম